# 2022
# BENGALI

*Total marks : 80* *Time : 3 hours*

***General Instructions:***

*i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*
*ii) The question paper consists of 24 main questions. All questions are compulsory.*
*iii) Marks are indicated against each question.*
*iv) General choice has been provided in some questions.*

***N.B: Check that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## বিভাগ - ক (পাঠ)

1. **নিম্নলিখিত অংশটুকু ভালো করে পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখঃ-**

ভারতবর্ষ বিশ্বের অন্যতম প্রাচীন মুদ্রা প্রস্তুতকারী দেশ । প্রায় আড়াই হাজার বছর আগে উত্তর-পশ্চিমে ভারতে মুদ্রা ব্যবস্থা চালু হয়। প্রাচীন গ্রিসেও মুদ্রার প্রচলন ছিল। ভারতে মৌর্য যুগে ও গুপ্তযুগে মুদ্রার উল্লেখ যোগ্য প্রসার হয়। সে সময়ে রাজাদের মূর্তি অঙ্কিত প্রচুর স্বর্ণমুদ্রা চালু হয়। সম্রাট সমুদ্র গুপ্তের সময়কার মুদ্রায় সম্রাটের ছবি দেখতে পাওয়া যায়। অনেক মুদ্রাতে থাকত দেবদেবীর মূর্তি, মাছের মূর্তি, জীবজন্তুর মূর্তি। মোগল আমলের মুদ্রায় পারসি ভাষা এবং আরবি হরফ থাকত । তারপর এলো ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর যুগ। কোম্পানী সারা ভারতে অভিন্ন মুদ্রা ব্যবস্থা চালু করল। স্বাধীন ভারতে ১৯৫০ সাল পর্যন্ত ব্রিটিশ প্রবর্তিত মুদ্রাই চালু ছিল। ১৯৫০ সালের ১৫'ই আগষ্ট স্বাধীন ভারতে নতুন সিরিজের মুদ্রা চালু হল। মুদ্রায় একপিঠে মুদ্রিত হল ভারতের রাষ্টীয় প্রতীক আশোকস্তম্ভ। ১৯৫৭ সালে ভারতে মুদ্রায় দশমিক প্রথা চালু হল? তৈরি হলো নিকেলের তৈরী এক টাকা, ৫০ পয়সা ও ২৫ পয়সার মুদ্রা। ১৯৬৮ সালে তৈরী হল ২০ পয়সা, ১০ পয়সার মুদ্রা।

প্রচলিত মুদ্রা ছাড়াও স্বাধীন ভারতে প্রচুর স্মারকমুদ্রা তৈরি হয়েছে। ১৯৬৪ সালে জওহরলাল নেহেরুর স্মরণে এক টাকা ও ৫০ পয়সাও প্রথম স্মারক মুদ্রা তৈরি হয়। এরপর মহাত্মা গান্ধী, সুভাষচন্দ্র বসু, চিত্তরঞ্জন দাস, ইন্দিরা গান্ধী প্রমুখ বিশিষ্ট নেতাদের স্মারক চাড়াও শিশুবর্ষ, যুববর্ষ, জাতীয় সংহতি, স্বাধীনতার ৫০ বছর পূর্তি প্রভৃতি নানান বিষয়ে মুদ্রা প্রকাশিত হয়েছে। কোলকাতা সহ ভারতে মোট ৫টি টাকশালে মুদ্রা তৈরী হয়।

**নীচের প্রশ্নগুলির উত্তর প্রায় '৫' থেকে '১০' টি শব্দের মধ্যে লিও।**

(a) ভারতে কোন দুটি যুগে উল্লেখ যোগ্য মুদ্রার প্রসার হয়? **1**

(b) আরবি হরফ কোন যুগের মুদ্রায় দেখতে পাওয়া যায়? **1**

(c) ভারতে অভিন্ন মুদ্রা ব্যবস্থা কারা চালু করেছিল? **1**

(d) ভারতে মুদ্রার দশমিক প্রথা কবে চালু হয়? **1**

(e) ১৯৬৮ সালে কী কী মুদ্রা তৈরী হয়েছিল? **1**

(f) জওহরলাল নেহরুর স্মরণে কোন কোন মুদ্রা তৈরী হয়? **1**

(g) ভারতের চারজন বিশিষ্ট নেতার নাম লিখ যাদের স্মারক মুদ্রা তৈরী হয়েছে? **1**

**(h)** ভারতে মোট কয়টি টাকশালে মুদ্রা তৈরী হয়? **1**

(i) ব্যাসবাক্য সহ সমা সের নাম লেখ - দেবদেবী **1**

(j) 'স্বাধীন' শব্দের বিপরীত শব্দ কী হবে ? **1**

## বিভাগ - খ (রচনা ও নির্মিতি)

**2.** **নীচের প্রশ্নগুলির উত্তর 100-150 টি শব্দের মধ্যে লেখঃ-**

**a.** রচনা লেখঃ- ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য ( Duties and responsibilities of a Student)

**অথবা** **6**

**b.** রেলের টিকট চোকার ও বিনা টিকিটের যাত্রীর মধ্যে আলোচনা তা তুমি তোমার বন্ধুর সাথে কথোপকথনের মাধ্যমে লেখঃ

**3.** **নিচের প্রশ্নগুলিৰ উত্তর 50 টি শব্দের মধ্যে লেখ।**

**a.** মনে কর তুমি রজত / স্বাথী, দার্জিলিং এর শিটংগ্রামে থাকো। তোমার গ্রামে কোনো ডাকঘর (Post Office) ছিলো না । সম্প্রতি তোমার গ্রামে একটি ডাকঘর খোলা হবে। এই অনুষ্ঠানটিকে স্মরণীয় রাখার জন্য ডাকঘরের (Post Office ) উদ্বোধনরে দিন তোমার রাজ্যের মুখ্যমন্ত্রীকে আসার জন্য একটি নিমন্ত্রণ পত্রের খসড়া কর। (ডাকঘর উদ্বোধনের দিন, তারিখ, সময় অবশ্যই উল্লেখ করেব)।

**অথবা** **4**

**b.** অশুদ্ধি সংশোধন / সম্পাদনা করঃ-

খ্রীষ্ঠধর্মের প্রবর্তক যীশু খ্রীষ্টের জন্ম হয়েছিল ৩০'শে অক্টোবর। ঐ দিন খ্রীষ্টমাস উৎসব পালিত হয়। প্রায় দু'হাজার বছর আগে, এমনি এক গরমের রাতে জেরুজালেমে যীশু জন্ম গ্রহণ করেন । তিনি মানুষকে পাপ কর্মে নিযুক্ত করার জন্ম আবিভূর্ত হয়েছিলেন, মানুষকে পাপ থেকে উদ্ধার করার জন্য, তিনি বরণ করেছিলেন রাতজ সিংহাসন। যীশুর জন্ম উৎসবের দিনটিকে "বিজয়া দশমী" বলে মানা হয়। খ্রীষ্টমাস দিনে খ্রীষ্টানদের বাসগৃহ গুলি না সুন্দর ভাবে সাজনো হয়. না প্রভুর কাছে প্রার্থনা করার কোনো ব্যবস্থা করা হয়।

## বিভাগ - গ (ব্যাকরণ ও অনুবাদ)

4. অব্যয়ীভাব সমাস কাকে বলে? ? **2**

5. ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ

(a) বাবা মা, (b) বীণাপানি (c) বেগুন পোড়া **1+1+1=3**

6. অলংকার কাকে বলে ? **2**

7. যমক অলংকার কাকে বলে ? উদাহৰণ সহ বুঝিয়ে দাও? **3**

8. নিম্নলিখিত বিশিষ্টার্থক পদগুলরি দ্বারা বাক্য রচনা করঃ- **1+1=2**

(a) ডুমুরের ফুল , (b) কাজীর বিচার

9. বাংলায় অনুবাদ কর **3**

Food is essential for all living beings. Without food man cannot live long. Everyman has to eat a certain quantity of food. If he eats less than that quantity, his health will fail and he will fall ill. So every man has to eat enough food to live.

## বিভাগ - ঘ ( সাহিত্য)

### Prose (গদ্যাংশ)

10. ‘বিড়াল’ রচনাটি কোন বিখ্যাত গ্রন্থের অন্তর্ভুক্ত ? **1**

11. কারা বিশ্বকর্মা পুজা করেছিল? বিশ্বকর্মা পুজা উপলক্ষ্যে কিসের আয়োজন করা হয়েছিল? **1+1=2**

12. ‘মানুষের মন’ গল্পে তপেসের একমাত্র পুত্রের নাম কী ? তার বয়স কত ? **1+1=2**

13. “চোর দোষী বটে, কিন্তু কৃপন ধনী তদপেক্ষা শতগুনে দোষী” - কার উক্তি ? কাকে করা হয়েছে? কৃপণ ধনী দোষী কেনো ? **1+1+1=3**

14. তপেশ মারা যাবার পরতপেশের অংশের টাকা নিয়ে নরেশ ও পরেশ কী করেছিলো? **3**

15. **a.** শিক্ষার অন্যতম উদ্দেশ্য কী ? ভারতের প্রাচীন শিক্ষা ব্যবস্থা কিসের উপর প্রতিষ্ঠিত ছিল ? মূল্যবোধ শিক্ষা অপরিহার্য কেনো? **1+1+2=4**

**অথবা**

**b.** “মা আমাকে নিয়ে যাও’ বাবা কোথায়”?

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) লেখক কে ? (1)

(iii) বক্তা কে ? (1)

(iv) কখন এই কথাগুলি বলা হয়েছে ? (1)

**নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তৰ লেখঃ- ( Answer any one from the following question)**

16. **a.** রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকারের মুল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ? সামাজিক মূল্যবোধ সম্বন্ধে যা জান লেখ। **1+4=5**

**b.** “রান্নার সমস্ত যোগাড় করে দিয়েছি বড়বাবু”

(i) কোন গল্পের অংশ **1**

(ii) গল্পটি কার রচনা **1**

(iii) কার উক্তি ? **1**

(iv) “বড়বাবু” কে ? **1**

(v) বড়বাবু কোথায় থাকতেন ? **1**

(c) "অনেক অনুসন্ধানে এক ভগ্ন যষ্টি আবিস্কৃত করিয়া সগর্থে মার্জারীর প্রতি ধাবমান হইলাম" -

(i) গল্পটি কার লেখা ? **1**

(ii) 'যষ্টি' কথার অর্থ কী? **1**

(iii) উক্তিটি কার ? **1**

(iv) কেনো বক্তা এরূপ বলেছেন? **2**

**Poetry (কবিতা)**

17. "বাংলার মুখ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? **1**

18. "দুর্ভাগা" শব্দের অর্থ কী ? কবি কাকে "দুর্ভাগা দেশ বলেছেন ? **1+1=2**

19. "এই কন্দরে আরব দুলাল শুনিতেন আহ্বান" - কবিতাটি কার রচনা ? আরব দুলাল কে? কন্দর কথার অর্থ কী? **1+1+1=3**

20. **a.** "কালো দ'তের কালি দিয়েই কেতাব কোরান লেখি" কোন কবিতার অংশ ? কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কেতাব কী ? কোরান কাদের ধর্মগ্রন্থ ? **1+1+1+1=**4

**অথবা**

**b.** "বুদ্ধগয়া এ, জেরুজালেম এ," - বুদ্ধগয়া কোথায় অবস্থিত? বুদ্ধগয়ার বিশেষত্ব কী ? জেরুজালেম কাদের পবিত্রস্থান? কোথায় অবস্থিত? **1+1+2=**4

নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখ - ( Answer any one from the following Questions)

21. **a.** "দুর্ভাগা দেশ" কবিতার সারমর্ম লিখঃ- 5

**b.** "বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুজিতে যাই না আর" - 'বাংলার মুখ' বলতে কী বোঝানো হয়েছে ? 'আমি' কে ? কে, কেনো পৃথিবীর রূপ খুজতে যান না ? **1+1+3=5**

**c.** "কাঁচাধানের পাতার মতো কচি মুখের মায়া" কার কথা এখানে বলা হয়েছে? এখানে এরূপ উক্তি করার কারণ কী ? **1+4=5**

**(কথা সাহিত্য)**

22. "আমি নিকট আসিতেই মেয়েটি আস্তে আস্তে মাথার কাপড়টা টানিয়া দিল" - মেয়েটি কে ? 'আমি' বলতে কাকে বোঝানো হয়েছে? **1+1=2**

23. সমুত্রপীড়া কাকে বলে? রেঙ্গুন যাওয়ার পমে কোন রোগের পরীক্ষা করা হনে? **2+1=3**

24. **a.** "এখানে মুখ দেখাতেও তোমার বাঁধলো না" - কে, কাকে কেনো এই উক্তিটি করেছে ? **1+1+3=5**

**অথবা**

**b.** "রাত্রে কেমন ছিলেন মিস্ত্রীমযাই" -

(i) কার উক্তি ? 1

(ii) মিস্ত্রীমশাইয়ের নাম কী? 1

(iii) মিস্ত্রীমশাইয়ের সাথে কে ছিলো ? 1

(iv) মিস্ত্রী মশাই কোথায় যাচ্ছিলেন ? 1

(v) শ্রীকান্তের সাথে মিস্ত্রী মশাই - এর কোথায় আলাপ হয়। 1

************